# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২১৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মহিলাদের সালাত যত বেশি গোপনীয় জায়গায় হবে, ততবেশি তাতে সাওয়াব হবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْمَرْأَةِ كُلَّمَا كَانَتْ أَسْتَرَ كَانَ أعظمَ لِأَجْرِهَا

আরবী

2214 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفٍ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ حَدَّثَنَا دَاوُدُ بْنُ قَيْسٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سُوَيْدٍ الْأَنْصَارِيِّ عَنْ عَمَّتِهِ أُمِّ حُمَيْدٍ امْرَأَةِ أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ أَنَّهَا جَاءَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ:
يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُحِبُّ الصَّلَاةَ مَعَكَ قَالَ: (قَدْ عَلِمْتُ أَنَّكِ تُحِبِّينَ الصَّلَاةَ مَعِي وَصَلَاتُكِ فِي بَيْتِكَ خَيْرٌ مِنْ صَلَاتِكِ فِي حُجْرَتِكِ وَصَلَاتُكِ فِي حُجْرَتِكِ خَيْرٌ مِنْ صَلَاتِكِ فِي دَارِكِ وَصَلَاتُكِ فِي دَارِكِ خَيْرٌ مِنْ صَلَاتِكِ فِي مَسْجِدِ قَوْمِكِ وَصَلَاتُكِ فِي مَسْجِدِ قَوْمِكِ خَيْرٌ مِنْ صَلَاتِكِ فِي مَسْجِدِي) قَالَ: فَأَمَرَتْ فبُنِيَ لَهَا مَسْجِدٌ فِي أَقْصَى شَيْءٍ مِنْ بَيْتِهَا وأظلمِهِ وَكَانَتْ تُصَلِّي فِيهِ حَتَّى لَقِيَتِ اللَّهَ جَلَّ وعلا

الراوي : أُمّ حُمَيْدٍ امْرَأَة أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2214 | خلاصة حكم المحدث: حسن ـ ((التعليق الرغيب)) (1/ 134 ـ 135).

বাংলা

২২১৪. আবূ হুমাইদ রাদ্বিয়াল্লাহু আনহুর স্ত্রী উম্মু হুমাইদ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে তাঁকে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমি আপনার সাথে সালাত আদায় করতে ভালবাসি।” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “আমি জানি যে, তুমি আমার সাথে সালাত আদায় করতে ভালবাসো। অথচ তোমার হুজরায় সালাত

আদায় করার চেয়ে তোমার ঘরে সালাত করা উত্তম, আবার তোমার বাড়িতে সালাত আদায় করার চেয়ে তোমার হুজরায় সালাত আদায় করা উত্তম, তোমাদের কওমের মাসজিদে সালাত আদায় করার চেয়ে তোমার বাড়িতে সালাত আদায় করা উত্তম এবং আমার এই মাসজিদে সালাত আদায় করার চেয়ে তোমার কওমের মাসজিদে সালাত আদায় করা উত্তম।”

অধঃস্তন রাবী বলেন, “তারপর সেই নির্দেশক্রমে তার জন্য তার ঘরের সবচেয়ে দূরবর্তী প্রান্তে, সবচেয়ে অন্ধকার জায়গায় তার সালাতের স্থান তৈরি করা হয়। আর তিনি মহান আল্লাহর সাথে সাক্ষাৎ অবধি সেখানেই সালাত আদায় করতেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৭১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৮৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৮৪-৩৮৫; তাবারানী: ২৫/৩৫৬; সুনান বাইহাকী: ৩/১৩২-১৩৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১৩৪-১৩৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু হুমাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91532

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন